

এস.সি, এস.টি ও ও.বি.সির নথি হারানোর ঝামেলা নেই

# মহকুমা শাসক চালু করলেন কম্পিউটারাইজড সার্টিফিকেট

নিঃসঃ- ওবিসি, এস সি, এস টি সার্টিফিকেট পেতে জুতোর ছিঁড়ে যায়, তবুও সরকারি লাল ফিতের ফাঁস খোলেনা। বিশেষত ওবিসি। নানান অজুহাতে ঝুলে থাকে কাজ। তারপরও সার্টিফিকেট হয়ত পাওয়া যায় কোনো কোনো ক্ষেত্রে ভুলে ভরা, আবার 'বিশেষ পরিচিতি'র সূত্রে জাল। আরামবাগ মহকুমা প্রশাসক কার্যালয়ও এর থেকে আলাদা কিছু ছিল না। বর্তমান মহকুমা শাসক জিতেন্দ্র রায় এই দীর্ঘসূত্রীতার অবসান ঘটাতে আরামবাগে তাঁর দায়িত্বভার নিয়েই এই বিষয়টি দ্রুত সমাধানে আন্তরিক উদ্যোগ নিয়েছিলেন। সম্প্রতি তিনি এটি আরোও



আরামবাগ ব্লকের এক প্রতিনিধির হাতে জেলা শাসক সার্টিফিকেট তুলে দিচ্ছেন। ডানদিকে দাঁড়িয়ে মহকুমা শাসক। - নিজস্ব চিত্র

নির্ভরযোগ্য ও ক্রটি মুক্ত করতে মহকুমা শাসকের অধীনস্থ দপ্তরগুলির আধিকারিকদের সাথে নিয়ে কম্পিউটারাইজেশন

সার্টিফিকেট স্কীমে এসসি, এসটি, ওবিসিদের সার্টিফিকেট দেওয়ার উদ্যোগ নিলেন। তারই ফলশ্রুতি গত ১৫ ডিসেম্বর আরামবাগ রামমোহন মঞ্চে ৩৬৫টি সার্টিফিকেট প্রদান এর বিশেষ শিবির। আরামবাগ মহকুমার ৬টি ব্লকের ৩৬৫জনকে এদিন নির্দিষ্ট সার্টিফিকেট তুলে দেওয়া হয়। এর মধ্যে ১৬১টি এসসি, ১৩টি এসটি এবং ১৯১টি ওবিসি সার্টিফিকেট। স্বয়ং জেলাশাসক ও অনগ্রসর কল্যাণ দপ্তরের আধিকারিক প্রতি ব্লকের দুজন করে প্রতিনিধির হাতে সার্টিফিকেট তুলে দেন। জেলাশাসক অশ্বিনীকুমার যাদব জানান, প্রত্যেক মহকুমাতেই তাঁরা এই এরপর ৩পাতায়

১ম পাতার পর

## মহকুমা শাসক চালু করলেন কম্পিউটারাইজড



বক্তব্য রাখছেন মহকুমা শাসক

জিতেন্দ্র রায়

সহজেই ডুপলিকেট সার্টিফিকেট দেওয়া যাবে। মহকুমা শাসকের এই প্রচেষ্টাকে উপস্থিত সকলেই সাধুবাদ জানিয়েছেন।

প্রক্রিয়ায় সার্টিফিকেট দিতে উদ্যোগ নিয়েছেন। এআরামবাগ মহকুমা শাসকের এই উদ্যোগটি এ তিনি অন্যান্য মহকুমায় চালু করার জন্য উদ্যোগি হবেন বলে জেলাশাসক জানান। এই প্রতিবেদককে এই মহকুমা শাসক জানান কম্পিউটারাইজড সার্টিফিকেট দেওয়ার ফলে সমস্ত তথ্যগুলি স্থায়িভাবে থেকে যাচ্ছে ভারতের যেকোনো স্থান থেকে এই মহকুমার সার্টিফিকেটগুলির বৈধতা যাচাই করতে চাইলে কয়েকমিনিটের মধ্যে তা জানানো সম্ভব হবে। দ্বিতীয়ত সার্টিফিকেট হারিয়ে গেলেও নথিপত্র খোঁজার জন্য হাতড়ে বেড়াতে হবে না।